বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৩১/২০৫৭৫ তারিখঃ ১৭.০৪.২০১৮খ্রিঃ

বিষয়ঃ মুখোমুখি শুনানীর জন্য স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন শরাফপুর মশিউরিয়া দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ মোজাফ্ফার হোসাইন কর্তৃক গত ২৮/১১/২০১৭খ্রিঃ তারিখে তাঁর সাময়িক বরখাস্তের বিরুদ্ধে প্রতিকার চেয়ে আবেদন দাখিল করেন এবং পরবর্তীতে একই বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৫৮৩/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক জনাব মোঃ মোজাফ্ফার হোসাইন কর্তৃক গত ২৮/১১/২০১৭খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদনের বিষয়টি নিস্পত্তি করার জন্য আদেশ জারি করা হয়েছে।

বর্ণিত অবস্থায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে ও মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের নিমিত্ত সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ মোজাফ্ফার হোসাইন কর্তৃক গত ২৮/১১/২০১৭খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদনের বিষয়ে স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্র ও লিখিত ব্যাখ্যাসহ আগামী ২৬/০৪/২০১৮খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অত্র বোর্ডে উপস্থিত থাকার জন্য সভাপতি, সুপার (ভারপ্রাপ্ত) এবং সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ মোজাফ্ফার হোসাইনকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক .....(.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

19.4.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) জনাব স.ম তাজমিনুর রহমান, সভাপতি, শরাফপুর মশিউরিয়া দাখিল মাদ্রাসা, আশাশুনি, সাতক্ষীরা।
২) জনাব মো: আব্দুর রহিম, ভারপ্রাপ্ত সুপার, শরাফপুর মশিউরিয়া দাখিল মাদ্রাসা, আশাশুনি, সাতক্ষীরা।
৩) জনাব মোঃ মোজাফ্ফার হোসাইন, সুপার (সাময়িক বরখাস্ত), শরাফপুর মশিউরিয়া দাখিল মাদ্রাসা, আশাশুনি, সাতক্ষীরা।

অনুলিপিঃ
১. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. অফিস কপি।